দৈনিক সংবাদ

তারিখ 22 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
বাংলাদেশ ঢাকা

# স্কুল কলেজে শিক্ষকের শূন্যপদ দ্রুত পূরণ করার সিদ্ধান্ত

সরকারী কলেজসমূহের অধ্যাক্ষের শূন্যপদ এবং বিভিন্ন সরকারী কলেজ, স্কুল ও প্রাথমিক স্কুলে শিক্ষকের শূন্যপদ পূরণের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক উচ্চ পর্যায়ের বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম। খবর বাসস'র।

বৈঠকে রাষ্ট্রপতি এরশাদের ঘোষণা অনুযায়ী প্রাথমিক স্কুলগুলোতে সহকারী প্রধান শিক্ষকের পদ সৃষ্টি ত্বরান্বিত করার সিদ্ধান্ত নেয়া হয়। এ ছাড়াও শিগগিরই সায়েদাবাদ রেল ক্রসিং-এর কাছে শ্রমজীবী শিশুদের জন্য একটি স্কুলের নির্মাণ কাজ শুরুর সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে নতুন প্রাথমিক স্কুলের নিবন্ধীকরণ বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।